তারিখঃ- ২৯/০১/২০১৮ ইং

## *নির্বাহী কমিটির (২০১৮-২০১৯) ০১ তম সভার কার্যবিবরণী ঃ*

উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪ এর (২০১৮-২০১৯) নির্বাহী কমিটির ১ম তম সভা গত ৫ জানুয়ারী ২০১৮ ইং রোজ শুক্রবার সকাল ৯.৩০ ঘটিকায় সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মেজর (অবঃ) আনিছুর রহমান। সভায় নির্বাহী কমিটির ১৯ জন সদস্য উপস্থিত ছিলেন। সর্বজনাব সোহাগ হোসেন, গোলাম সারোয়ার সভায় অনুপস্থিত ছিলেন।

১.০ পবিত্র কোরআন থেকে তেলাওয়াত ও তর্জমা করেন নির্বাহী সদস্য লে.কর্ণেল (অবঃ) মোহাম্মদ হোসাইন।

২.০ সভাপতি মহোদয়ের সূচনা বক্তব্য ঃ

সভায় সূরা জুমআর শেষ তিনটি আয়াত তেলওয়াত করা হয়। যার অর্থ জুমার নামাজের গুরুত্ব ও ফযিলত বহন করে। অত্যন্ত ফযিলতপূর্ণ এই তিনটি আয়াত তেলাওয়াতের জন্য লে.কর্ণেল (অবঃ) মোহাম্মদ হোসাইনকে ধন্যবাদ জানান। ২০১৮-১৯ সনের নির্বাচনে নব গঠিত প্যানেলকে বিপুল ভোটে জয়যুক্ত করায় সেক্টরবাসীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং মহান রাব্বুল আলামীনের কাছে শুকরিয়া আদায় করে দোয়া প্রার্থনা করা হয়। আমাদের যাত্রা শুরুর ১ম সভা এটি। সেক্টরবাসী যে দায়িত্ব পালনে বিপুল ভোটে আমাদের জয়যুক্ত করেছেন সেই দায়িত্ব যেনো সঠিক ভাবে পালন করতে পারি এ ব্যাপারে সকলকেই সচেষ্ট হতে হবে। সামনের দুটি বৎসর অত্যন্ত দৃঢ়তা ও ন্যায়নিষ্টার সাথে আমাদের দায়িত্ব ও কর্তব্য পালন করে যেতে হবে। এটি একটি ভলান্টারী সেবা মূলক প্রতিষ্ঠান। এখানে আমরা কেউ পেতে আসিনি বরং সমিতির জন্য কি করেছি, কি দিয়েছে সেটিই বড় কথা। মাসে একটি কার্যনির্বাহী সভা এজন্য সকলেই চেষ্টা করবো যেনো সভায় অবশ্যই উপস্থিতি থাকতে পারি। কিন্তু কিছু ব্যাপারে আমাদের যথেষ্ঠ সজাগ ও দায়িত্বে অনঢ় থাকতে হবে। যেমন সেক্টরের ভিতরে ভাসমান দোকানগুলো স্থাপন করার জন্য অনেকেই বিভিন্নভাবে চেষ্টা, অনুরোধ করবে। আমাদের মনে রাখতে হবে এই স্থাপনা বাড়তে থাকলে সেক্টরের সৌন্দর্য্য নষ্ট হয়ে যাবে। সুতরাং এটি হতে দেয়া যাবে না। আগামী দিনগুলো একত্রে কাজ করার দৃঢ় প্রত্যয় থাকতে হবে সকলের মাঝে। আমরা এখানে অর্থের জন্য আসিনি এসেছি সুনাম, মর্যাদা অর্জন ও রক্ষার জন্য, একটা কল্যাণকর কাজ করার জন্য। আমি আপনাদের সকলকে অনুরোধ করব আমরা সবগুলো মিটিংয়ে যেনো উপস্থিত থাকতে পারি এবং সেক্টরের উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড যেনো করতে পারি এ ব্যাপারে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করে যেতে হবে।

৩.০ সমিতির সম্মানিত সদস্যদের সাথে নব-গঠিত কমিটির স্বাক্ষাত বিনিময়ে, সেক্টরবাসী সকলের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণের জন্য আমরা অভিষেক অনুষ্ঠান করবো। তবে সমিতির তহবিল থেকে কোন অর্থ খরচ না করে। এর সম্পূর্ণ ব্যয় নির্বাহী পরিষদের সকল সদস্যদের নিজস্ব অর্থায়নে হতে হবে। অনুষ্ঠানের নাম হবে "অভিষেক অনুষ্ঠান" । খাবার তালিকা ও অন্যান্য সিদ্ধান্ত নব গঠিত আপ্যায়ন সাব-কমিটির সভায় চূড়ান্ত করা হবে। যেহেতু বড় অনুষ্ঠান, আয়োজন অনেক লোকের সেহেতু ব্যবস্থাপনার উপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে। বর্তমানে এ্যাকটিভ সদস্যদের কথা মনে রেখে মোট ১৫০০ জন লোকের আয়োজন করা হবে ও অনুষ্ঠানটি করা হবে ২০ জানুয়ারী ২০১৮ (২ মাঘ ১৪২৮) রোজ শনিবার দুপুর ১.৩০ মিনিট। আয়োজনের প্রধান আকর্ষন থাকবে নলার ডাল, লটপটি এছাড়াও গরুর গোশত, মুরগীর গোশত, ডিম, খেজুরের গুড়ের পায়েস ইত্যাদি।




নিরাপত্তা কমান্ডার ঃ০১৯২২১১৫৯০১,বর্জ্য অপসারণঃ০১৯২২১১৫৯০৬, হিসাব রক্ষকঃ ০১৯২২১১৫৯০৭, হিসাব সহকারী ০১৯২২১১৫৯০৮, অফিস সহকারী০১৯২২১১৫৯০৩, বিল কালেক্টরঃ ০১৯২২১১৫৯০৯, ০১৯২২১১৫৯১০, ০১৯২২১১৫৯১১, ০১৯২২১১৫৯১২, E-mail:ukss490@gmail.com, www.facebook.com/uttara kallyan samity sector-4, www.uks4.org

৪.০ মাঠ, পার্ক, পুকুর ও সেক্টরের বিভিন্ন উন্নয়নমূলক কাজের ব্যাপকতা বিবেচনা করে মোট ১৪ টি সাব কমিটি গঠন করা হয়। সাব কমিটির নাম গুলো নিচে দেয়া হলোঃ

১. নিরাপত্তা ও ট্রাফিক নিয়ন্ত্রণ সাব কমিটি

২. বাড়ীর মালিক, ভাড়াটিয়া, ডেভেলপার, স্কুল, বাণিজ্যিক অফিস ও প্রতিষ্ঠান সমূহের নিয়ন্ত্রণ সাব কমিটি

৩. খেলার মাঠ, পার্ক, পুকুর ও খেলাধুলা নিয়ন্ত্রন সাব কমিটি

৪. লাইব্রেরী, প্রকাশনা, আপ্যায়ন, সংস্কৃতি বিষয়ক কার্যাবলী সাব কমিটি

৫. নির্মাণ ও ড্রেনেজ সাব কমিটি

৬. কনজারভেন্সী সাব কমিটি

৭. অর্থ, হিসাব ও নিরীক্ষা সাব কমিটি

৮. সার্ভিস চার্জ আদায় এবং সদস্য সংগ্রহ ও হালনাগাদকরণ সাব কমিটি

৯. সরকারী, আধা-সরকারী, বে-সরকারী, অফিসগুলির সাথে যোগাযোগ ও সমন্বয় সাব কমিটি

১০. ফ্রি সানডে ক্লিনিক ও হেলথকেয়ার সাব কমিটি

১১. সি.সি. ক্যামারা বিষয়ক সাব-কমিটি

১২. মালামাল ক্রয় বিষয়ক সাব-কমিটি

১৩. শৃঙ্খলা এবং প্রশাসন সাব কমিটি

১৪. নিয়োগ সাব কমিটি

৫.০ অফিস সেক্রেটারী নিয়োগঃ পূর্বের কমিটিতে যারা ছিলেন তারাও অনুধাবন করেছিলেন একজন অফিস সেক্রেটারী নিয়োগ কতটা জরুরী। বর্তমানে কাজের পরিধি অনেক বিস্তৃত। সাব কমিটির মিটিংয়ের বিভিন্ন সিদ্ধান্ত, মাসিক সভার গুরুত্বপূর্ণ আলোচনার সিদ্ধান্ত লেখালেখি অফিসের বিভিন্ন কাজের তত্ত্বধান, চিঠি লেখালেখি কাজগুলো করানোর জন্য একজন অফিস সেক্রেটারী নিয়োগ অতীব জরুরী। তাই এ ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৬.০ সি.সি.টিভি চাঁদাঃ আমরা অনেক বাধা-বিপত্তি অতিক্রম করেও সিসিটিভি কন্ট্রোলরুম করতে সক্ষম হয়েছি। সেক্টরে সি.সি.ক্যামেরা বসানোর কাজ শুরু হয়ে যাবে। যেহেতু এটি একটি বড় প্রজেক্ট একটু সময় লাগলেও এটি বাস্তবায়ন করা হবে। ৫০০ টাকা করে আনুমানিক ৩০০০ ফ্ল্যাট থেকে চাদা পাওয়া গেলে ১৫,০০,০০০/- টাকা আসে। যা দিয়ে সি.সি.টিভির কাজ সম্পূর্ণ করা সম্ভব নয়। এক্ষেত্রে নতুন করে পরিকল্পনা প্রণয়নের জন্য পুনরায় সাব কমিটির মিটিংয়ে সিদ্ধান্ত নেয়ার কথা চূড়ান্ত হয়।

৭.০ ক্রিকেট মাঠের নিয়ন্ত্রন ঃ মাঠের পরিচর্যা, নিয়ন্ত্রন ও তত্ত্বাবধান করতে গেলে ব্যাপক অর্থ খরচ হবে। সেজন্য নিয়মিত প্যাকটিস করলে খেলোয়ারদের কল্যাণ সমিতিতে রেজিষ্ট্রেশন বাধ্যতামূলক করতে হবে এবং তাদের রেজিষ্ট্রেশন ফি হিসাবে প্রতি মাসে ২০০০ টাকা করে নেয়া যেতে পারে। নিয়মিত খেলা পরিচালনা সঠিকভাবে করার জন্য সময় নির্ধারণ করা প্রয়োজন।

খেলার ধরণ অনুযায়ী মাসিক ফি নির্ধারিত হবে। এজন্য মাঠ, পার্ক সাব কমিটির কনভেনর জনাব মোঃ সাব্বির আহমেদকে খেলার ধরণ, সময় ও অন্যান্য নিয়মকানুন ধার্য্য করে একটি চিঠি আকারে প্রস্তুত করে সামিতির সদস্যদের মাঝে বিতরণ করার সিদ্ধান্ত চুড়ান্ত করা হয়।

বিবিধঃ বিবিধ আলোচনার যে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

- সমিতিতে অনেক বয়স্ক নিরাপত্তা কর্মী আছে যারা শারিরীকভাবে উপযুক্ত নয়। মানবিক দিক বিবেচনা করে এতোদিন তাদেরকে রাখা হয়েছিলো যা এখন সাব কমিটির সভার সিদ্ধান্তের মাধ্যমে অব্যহতির ব্যবস্থা নেওয়া হবে।
- সেক্টরের ভিতরে ভাসমান দোকান বেড়ে যাচ্ছে। এভাবে বাড়তে থাকলে ফুটপাতে লোকজন হাটা-চলার সমস্যা হয়ে যায় এবং অনেক সদস্য এ ব্যাপারে অভিযোগ দিয়েছেন। সেজন্য ভাসমান দোকানগুলো উচ্ছেদের ব্যবস্থা করতে হবে।
- পুকুড় পাড় ও পুরানো নার্সারীতে নতুন করে ফুলের চাড়া লাগানো বাবদ ২৩,০০০/- টাকা এবং ২৬,০০০/- টাকার কালো মাটি কেনার অনুমোদন নেয়া হয়।
- সর্বশেষ ৩১ শে ডিসেম্বর পর্যন্ত যে আয়-ব্যয় পুরনো কোষাধ্যক্ষ থেকে নতুন কোষাধ্যক্ষ বরাবর হ্যান্ডিংওভার হয়েছে তা সভায় তুলে ধরা হয়।

**<u>প্রকৃত আয়ঃ</u>**

| | | |
|---|---|---|
| মাসিক সার্ভিস চার্জ | : | ১০,৫৯,৭৫০/- |
| বাৎসরিক চাঁদা | : | ৭,১০০/- |
| বিবিধ | : | ৩৪,২৮০/- |
| সাধারণ আয় | : | ৮১,০০০/- |
| ***মোট*** | : | ***১১,৮২,১৩০/-*** |

**প্রকৃত ব্যয়ঃ**

| | | |
|---|---|---|
| বেতন ও অগ্রিম | ঃ | ৮,৭২,৪৪৩/- |
| ছাপা ও মনোহারী | : | ৬৪,২৯৩/- |
| আসবাব পত্র ও যন্ত্রপাতি ক্রয় | : | ৪৪,৯৮০/- |
| কর্মচারীদের পোশাক | ঃ | ৪৭,৬৮০/- |
| সভা ও অনুষ্ঠান | : | ২,৫৮,৪৩১/- |
| মেরামত ও রক্ষণাবেক্ষণ | : | ১১,৭৫৬/- |
| প্রশাসনিক ব্যয় | : | ৪০,০০০/- |
| সেবা ও কল্যাণ তহবিল | : | ৪৮,৯৭৭/- |
| ইউটিলিটি বিল | : | ২৮,৪৮১/- |
| বিবিধ | : | ১,২৩,৬৮৬/- |
| বিভিন্ন উন্নয়ন খাতে ব্যয় | : | ১,৭২,৬১১/- |
| ***মোট:*** | : | ***১৭,১৩,৩৩৮/-*** |

***প্রারম্ভিক স্থিতি:*** ***৮৩,৪১,৫৭৫/-***
***সমাপনী স্থিতি:*** ***৭৮,৯৪,১৬০/-***
***আয়ের অধিক ব্যয়*** ***৫,৩১,২০৮/-***

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে
সাধারণ সম্পাদকের পক্ষে,

নাসির জামিল
সহ-সাধারণ সম্পাদক
উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪

বিতরণঃ

১. নির্বাহী কমিটির সকল সদস্য
২. অফিস কপি।




নিরাপত্তা কমান্ডার ঃ০১৯২২১১৫৯০১,বর্জ্য অপসারণঃ০১৯২২১১৫৯০৬, হিসাব রক্ষকঃ ০১৯২২১১৫৯০৭, হিসাব সহকারী ০১৯২২১১৫৯০৮, অফিস সহকারী০১৯২২১১৫৯০৩, বিল কালেক্টরঃ ০১৯২২১১৫৯০৯, ০১৯২২১১৫৯১০, ০১৯২২১১৫৯১১, ০১৯২২১১৫৯১২, E-mail:ukss490@gmail.com, www.facebook.com/uttara kallyan samity sector-4. www.uks4.org